

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৫. মৃত্যুর পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহর সম্মান দেওয়া প্রসঙ্গে।

بَابُ مَا أَكْرَمَ اللَّهُ تَعَالَى نَبِيَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَ مَوْتِهِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ، حَدَّثَنِي الْيَهُ، حَدَّثَنِي خَالِدٌ هُوَ ابْنُ يَزِيدٍ، عَنْ سَعِيدٍ هُوَ ابْنُ أَبِي هِلَالٍ، عَنْ نُبَيْبِهِ بْنِ وَهْبٍ، أَنَّ كَعْبًا دَخَلَ عَلَى عَائِشَةَ، فَذَكَرُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ كَعْبٌ: "مَا مِنْ يَوْمٍ يَطْلُعُ إِلَّا نَزَلَ سَبْعُونَ أَلْفًا مِنَ الْمَلَائِكَةِ، حَتَّىٰ يَحْفُوا بِقَبْرِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَضْرِبُونَ بِأَجْنِحَتِهِمْ، وَيُصَلُّونَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّىٰ إِذَا أَمْسَوْا، عَرَجُوا وَهَبَطَ مِثْلُهُمْ فَصَنَعُوا مِثْلَ ذَلِكَ حَتَّىٰ إِذَا أَنْشَقَتْ عَنْهُ الْأَرْضُ، خَرَجَ فِي سَبْعينَ أَلْفًا مِنَ الْمَلَائِكَةِ يَزْفُونَهُ"

في إسناده علتان: الأولى ضعف عبد الله بن صالح فهو سيئ الحفظ جداً وكانت فيه غفلة والانقطاع أيضاً فإن نبيه بن وهب لم يدرك كعباً

বাংলা

৯৫. নুবাইহ ইবনু ওয়াহাব থেকে বর্ণিত, একবার কাব'র রাদিয়াল্লাহু আনহু আয়েশা রাদিয়াল্লাহু আনহার নিকট প্রবেশ করলেন। তারপর তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কথা উল্লেখ করলেন। তখন কাব'র বললেন: এমন কোন দিন নেই যেদিন সত্ত্বর হাজার ফেরেশতা অবতরণ করেন না, এমনকি তারা তাদের ডানা দিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কবরকে বেষ্টন করে ডানা দ্বারা (ছোট ছোট করে) আঘাত করে এবং তাঁর উপর সালাত প্রেরণ করতে থাকে। সন্ধ্যা বেলায় সেই দল ফিরে গেলে তাদের অনুরূপ আরেকদল দুনিয়ায় নেমে এসে অনুরূপ করতে থাকে। এভাবে যখন তাঁর কবরের মাটি তাঁর উপর থেকে থেকে ফেটে যাবে এবং তিনি বের হবেন তখন সত্ত্বর হাজার ফেরেশতা তাঁকে নিয়ে দ্রুত অগ্রসর হবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদের দুটি ক্রটি রয়েছে। আব্দুর রহমান যয়ীফ, এবং বিচ্ছিন্নতা তথা নুবাইহ ইবনু ওয়াহব  
কা'ব-এর সাক্ষাত পাননি।

তাখরীজ: সাখাবী, কওলুল বাদী' পৃ: ৪৮ তে বলেন, ইসমাইল কায়ী, ইবনু বিশকাল ও বাইহাকী শুয়াবুল ইমানে  
এবং ইবনুল মুবারক রাকাইকে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69406>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন